5 সেপ্টেম্বর, 2019

প্রিয় পরিবারবর্গ,

2019-20 স্কুল বছরে স্বাগতম!

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে, ছেলেমেয়েদের স্বাস্থ্য ও নিরাপদ রাখা আমাদের অগ্রাধিকার। শিক্ষার্থীদেরকে সীসার (lead) সংস্পর্শ থেকে সুরক্ষিত রাখার অব্যাহত প্রচেষ্টার অংশ হিসেবে, ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) যেসব স্কুল বিল্ডিং 1985-এর আগে নির্মাণ করা হয়েছে এবং যেখানে ছয় বছর বয়সের কম শিশুদের পরিষেবা প্রদান করা হয় সেইসব ক্লাসরুম নিয়মিত পরিদর্শন, পরীক্ষা এবং মেরামত করে। আমরা নষ্ট হয়ে যাওয়া পেইন্ট দেখি, কেননা লেড-ভিত্তিক পেইন্ট যখন উঠে যায়, খসে পড়ে, অথবা তাতে ফাটল ধরে তখন সেটি ঝুঁকির কারণ হতে পারে। এই সামারে, আমরা সিটিভিত্তিক পরীক্ষা পরিচালনা করেছি, এবং আমরা আপনাকে আনন্দের সাথে জানাচ্ছি যে, প্রয়োজনীয় যেকোন মেরামত আমরা সম্পূর্ণ করেছি, এবং এইসব ক্লাসরুম স্কুলের প্রথম দিনে ব্যবহারের ছাড়পত্র লাভ করেছে।

এই সামারে, ডিভিশন অভ স্কুল ফ্যাসিলিটিজ 1985 সালের আগে নির্মিত বিল্ডিংগুলি যেখানে ছয় বছর বয়সের শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করা হয় সেখানকার সকল ক্লাসরুম পরিদর্শন করেছে। আমরা এই ক্লাসরুমগুলির উঠে যাওয়া বা নষ্ট হয়ে যাওয়া সকল পেইন্ট লেড অনুসন্ধানের জন্য পরীক্ষা করেছি এবং যেকোন লেড-ভিত্তিক পেইন্ট মেরামত করতে মানসম্মত সুরক্ষা নিয়ম-কানুনও অনুসরণ করা হয়েছে। তারপর পেইন্ট সুন্দরভাবে টিকে যাবার পর আমরা আরও পরীক্ষা করেছি যাতে নিশ্চিত হওয়া যায় যে, শিক্ষার্থীদের প্রবেশের জন্য রুমগুলি নিরাপদ। এটাকে বলে সংস্কার। বছরব্যাপী আমরা রুমগুলি তদারক করা অব্যাহত রাখবো, আরও এগিয়ে গিয়ে, আমরা আমাদের পরীক্ষা এবং সংস্কার কাজ সম্প্রসারিত করবো যাতে সবার জন্য ব্যবহারের জায়গাগুলি যেমন ক্যাফেটেরিয়া এবং লাইব্রেরিগুলিও এই সংস্কার কাজের অন্তর্ভুক্ত করা যায়।

আপনাকে সজ্ঞাত রাখার সহায়তায়, আমরা DOE-র স্কুলসমূহে সীসা সম্পর্কিত বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি সংযুক্ত করেছি, এমনকি সীসা সংস্পর্শ বিষয়ক তথ্য ও বাড়তি রিসোর্সের লিংকে। পেইন্ট–পরিদর্শনের ফলাফলের জন্য, অনুগ্রহ করে schools.nyc.gov/lead-paint-results সাইট দেখুন। আরও তথ্যের জন্য, schools.nyc.gov/about-us/reports/lead-based-paint সাইট দেখুন অথবা আপনার স্কুলের প্রিন্সিপ্যালের সাথে কথা বলুন।

আমরা আপনার এবং আপনার সন্তানের জন্য একটি চমৎকার প্রথম দিন কামনা করছি – এবং আমরা আমাদের 1.1 মিলিয়ন শিক্ষার্থীকে সুরক্ষিত রাখতে কঠোর পরিশ্রম অব্যাহত রাখবো।

বিশ্বস্ত,

উরসুলিনা রেমিরেজ (Ursulina Ramirez)
চিফ অপারেটিং অফিসার

ডিপার্টমেন্ট অভ এডুকেশনের সীসা সুরক্ষা বিষয়ক বহুল-জিজ্ঞাসিত প্রশ্নবলি

শুধুমাত্র ছয় বছরের কম বয়সী শিশুদের পরিষেবা প্রদানকারী ক্লাসরুমগুলি কেন পরীক্ষা এবং মেরামত করা হলো?
যেকোন উঠে-যাওয়া পেইন্টের অবস্থা জরিপ ও মেরামত করার কাজে - যা মূলত ছয় বছরের কম বয়সী শিশুদের পরিষেবা প্রদানকারী ক্লাসরুমগুলির উপর গুরুত্ব দেয়া হয় কেননা ঐ অল্প বয়সী শিক্ষার্থীরাই সবচেয়ে বেশি ঝুঁকিতে থাকে – যেসব শিশুর বয়স তিন বছরের কম সীসা থেকে তাদের স্বাস্থ্যগত ক্ষতি হবার আশংকা সবচেয়ে বেশি এবং তারাই ঝুঁকির মুখে থাকে, এবং ছয় বছর বয়সের অধিক বয়সী শিক্ষার্থীদের চেয়ে ছয় বছরের কম বয়সী শিশুদের ঝুঁকি অধিক থাকে।

শুধুমাত্র 1985 সালের আগে নির্মিত বিল্ডিংগুলি কেন পরীক্ষা করা হয়েছে?

আমাদের মানসম্মত উত্তরের প্রথাটি হলো বাচ্চাদের সুরক্ষিত রাখা এবং এটি প্রযোজ্য 1985 সালের আগে নির্মিত বিল্ডিংগুলির বেলায় - যেখানে ছয় বছরের কম বয়সী শিক্ষার্থীদের পরিষেবা দেয়া হয় সেখানকার ক্লাসরুমগুলি। যদিও 1960 সালে নিউ ইয়র্ক সিটিতে সীসা-ভিত্তিক পেইন্ট ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে, তবুও আমরা বাড়তি পূর্ব-সতর্কতা হিসেবে ঐ নিষেদ্ধাজ্ঞার 25 বছর পরে নির্মিত বিল্ডিংগুলিও অন্তর্ভুক্ত ও মনিটর করি।

DOE পরীক্ষার নিয়মগুলি কী? DOE পরীক্ষার নিয়মগুলি কী?

যেকোন সীসা-ভিত্তিক উঠে-যাওয়া পেইন্ট এবং তার মেরামতের জরিপ পরিচালিত হয় নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য কোডের শর্ত অনুযায়ী।

যেসকল স্কুল ছয় বছরের কম বয়সী শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করে, 1985 অথবা তার আগে নির্মিত, সেগুলি কাস্টোডিয়াল এঞ্জিনিয়রগণ পরীক্ষা করে ক্লাসরুমে প্রাপ্ত যেকোন খসে যাওয়া পেইন্ট চিহ্নিত করেন। এছাড়া, 2018–19 স্কুল বছরের শেষে, আমরা সকল 3-কে, প্রি-কে, কিন্ডারগার্টেন, এবং LYFE সেন্টার ক্লাসরুমগুলি আরেকবার পরিদর্শন করেছি, এবং এসব ক্লাসরুমের খসে-পড়া অথবা নষ্ট হয়ে যাওয়া পেইন্টে সীসা আছে কিনা সেটিও পরীক্ষা করেছি। যেকোন সীসা-ভিত্তিক খসে-পড়া পেইন্টের জন্য যেসব পদক্ষেপ বা ব্যবস্থা গ্রহণ প্রয়োজন সেটি নেন EPA সার্টিফাইড কন্ট্রাক্টরগণ।

কীভাবে আমি জানতে পারি আমার স্কুল ক্ষতিগ্রস্ত কিনা?

আপনি প্রতিটি স্কুলের পরীক্ষার ফলাফল DOE ওয়েবসাইটের সীসা-ভিত্তিক পেইন্ট পেজের মাধ্যমে দেখতে পারেন: schools.nyc.gov/lead-paint-results.

আমার স্কুল ক্ষতিগ্রস্ত বিল্ডিংগুলির তালিকায় রয়েছে। আমার কি চিন্তিত হবার কারণ আছে?

না, খসে-পড়া সীসা-ভিত্তিক পেইন্টের সকল ক্লাসরুম যেখানে ছয় বছরের কম বয়সী শিক্ষার্থীদের পরিষেবাদান করা হয় সেগুলি মেরামত করা হয়েছে এবং স্কুল শুরুর জন্য তৈরি। ক্ষতিগ্রস্ত বিল্ডিংগুলি সম্পর্কিত সর্বশেষ হালনাগাদ তথ্য আপনি নিয়মিত পেতে পারেন schools.nyc.gov/lead-paint-results সাইটে।

আমি চাই না সে এই স্কুলে চালিয়ে যাক। আমি কি তাকে নতুন কোন কর্মসূচিতে দিতে পারি?

সকল ক্লাসরুম সফলভাবে সংস্কার করা হয়েছে এবং বিল্ডিংটি নিরাপদ। সব সময়ের মতো, কী কী বিকল্প স্কুল ব্যবস্থা রয়েছে সেটি জানতে কোন ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে যান। আপনার কাছেরটি খুঁজে নিতে, https://www.schools.nyc.gov/enrollment/enrollment-help/family-welcome-centers সাইটে যান।

আপনি কি ঐসব পরিবারের সাথে যোগাযোগ করেছেন যাদের সন্তান ক্ষতিগ্রস্ত ক্লাসরুমে ছিলো?

হ্যাঁ। DOE ছয় বছরের কম বয়সী সকল শিক্ষার্থীদের পরিবার যারা গত বছর, অথবা সামারের প্রথম কয়েকদিন এইসব ক্লাসরুমে ছিলো তাদের সাথে যোগাযোগের জন্য প্রিন্সিপ্যালদের অনুরোধ জানিয়েছে। মূল চিঠিটি যা পরীক্ষার ফলাফল এবং পরবর্তী পদক্ষেপ সম্পর্কে পরিবারগুলিকে সতর্ক করেছে সেটি 10 ভিন্ন ভাষায় নিচে উল্লিখিত অনলাইনে: schools.nyc.gov/about-us/reports/lead-based-paint ঠিকানায় পাওয়া যাবে।

আমার সন্তানের স্কুলে আমি যদি খসে-পড়া অথবা নষ্ট হয়ে যাওয়া পেইন্ট দেখি আমার কী করা উচিত হবে?

আপনি যদি আমাদের স্কুল বিল্ডিংগুলিতে কোন খসে-পড়া পেইন্ট দেখেন, আমরা আপনার কাছে আরও জানতে চাই। অনুগ্রহ করে পেইন্ট রিপোর্টিং জরিপটি যাschools.nyc.gov/about-us/reports/lead-based-paint সাইটে রয়েছে সেটি পূরণ করুন এবং আমরা সেটি অনুসন্ধান করবো। আমাদের বিল্ডিং কোড, ক্লাসরুম নম্বর, এবং কোন্ ফ্লোরে অবস্থিত সেসব তথ্য লাগবে। উপরের ওয়েবসাইটে আপনার স্কুল বরোতে ক্লিক করে এবং স্কুলের নাম ও ঠিকানা টাইপ করে আপনি আপনার বিল্ডিং কোড পেতে পারেন।

খসড়া

আমার সন্তান DOE-র চুক্তিবদ্ধ একটি কম্যুনিটি-ভিত্তিক আর্লি চাইল্ডহুড প্রোগ্রামে পড়ে। আপনারা কি সেই কর্মসূচিগুলিও পরীক্ষা করেছেন?

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH) কম্যুনিটি-ভিত্তিক চাইল্ড কেয়ার প্রোগ্রামগুলি পরিদর্শন করে। DOHMH-এর শর্ত এই যে, প্রোগ্রামগুলি সীসা-ভিত্তিক পেইন্ট মুক্ত হবে অথবা যেকোন সীসা-ভিত্তিক পেইন্ট সুন্দরভাবে মেরামত করা হয়েছে (অর্থাৎ, পেইন্ট উঠে যাচ্ছে না, খড়ে পড়ছে না, বা সেখানে ফাটল ধরছে না)। খসে-পড়া পেইন্ট রয়েছে কিনা সেটি চেক করার উদ্দেশ্যে DOHMH নিয়মিত পরিদর্শন পরিচালনা করে এবং খসে-পড়া পেইন্ট মেরামতের বিষয়টি নিশ্চিত করতে পরবর্তী পরিদর্শনের পদক্ষেপও গ্রহণ করে। আপনার কম্যুনিটি-ভিত্তিক চাইল্ড কেয়ার প্রোগ্রামের পরিদর্শন ইতিহাস সম্পর্কিত তথ্য পেতে nyc.gov/health সাইট দেখুন এবং "চাইল্ড কেয়ার কানেক্ট" সার্চ করুন।

আমার স্কুলের পানীয় পানিতে সীসা সম্পর্কে আমার কি চিন্তিত হবার কারণ আছে?

না, নিউ ইয়র্ক সিটির ট্যাপের পানি সর্বোচ্চ মানসম্পন্ন এবং তা আসে আপস্টেটের সংরক্ষাণাগার থেকে যা সত্যিকারভাবে সীসা-মুক্ত। DOE স্কুলে ব্যবহৃত পানীয় এবং রান্নার পানি পরীক্ষা করে, এবং যেকোন ফিক্সচার যেখানে উচ্চ সীসার স্তর রয়েছে দেখা যায় সেটি বন্ধ করে দেয়, যে পর্যন্ত না তা মেরামত করা হয় এবং টেস্টে দেখা যায় আর কোন উচ্চ স্তরের সীসা নেই। স্টেটের আইনের শর্ত DOE প্রতি পাঁচ বছরে একবার সীসার জন্য পানি পরীক্ষা করবে। হেমন্ত (ফল) 2018 থেকে 2020 পর্যন্ত সকল স্কুলকে, হয় পুনরায় টেস্ট করা হয়েছে, অথবা করা হবে।

আমি কীভাবে নিশ্চিত করতে পারি যে আমার সন্তান নিরাপদ?

তিন বছরের কম বয়সী শিশুরা লেড জনিত স্বাস্থ্যগত সমস্যায় সবচেয়ে বেশি দূর্বল এবং অরক্ষিত, এবং তিন বছরের কম বয়সী শিশুরা তাদের থেকে অধিক বয়সী ছেলেমেয়েদের চেয়ে বেশি ঝুঁকির সম্মুখীন। আপনার সন্তানের ডাক্তারের সাথে তার স্বাস্থ্য ইতিহাস নিয়ে আলাপ করে দেখুন, রক্তে লেড পরীক্ষা করা যথাযথ কিনা। বিনামূল্যে পরীক্ষা নিশ্চিত করার জন্য অথবা একজন ডাক্তার খুঁজতে, 311 নাম্বারে ফোন করুন।

লেড সংস্পর্শ সংক্রান্ত অতিরিক্ত তথ্য

সীসা বা লেড কীভাবে স্বাস্থের ক্ষতি করে?

সীসা এমন একটি ধাতু যা শিশু এবং বড়দের শরীরে প্রবেশের মাধ্যমে ক্ষতি সাধন করতে পারে। লেড একটি নিউরোটক্সিন হিসেবে পরিচিত। এর অর্থ এটি বিশেষভাবে ছয় বছরের কম বয়সের ছেলেমেয়েদের বর্ধনশীল মস্তিষ্ক ও স্নায়ুতন্ত্রের জন্য ক্ষতিকর। সীসা ছোট শিশুদের বেড়ে ওঠা, আচরণ, এবং শেখার ক্ষমতাকে ক্ষতিগ্রস্ত করতে পারে। গর্ভাবস্থায় সীসার ঝুঁকিতে থাকলে বাচ্চার জন্মকালীন ওজন কম এবং বেড়ে ওঠা বিলম্বিত হবার আশংকা রয়েছে। পরিবেশে অনেক ধরনের সীসার সংস্পর্শে আসার ঝুঁকি রয়েছে, এবং যতটা সম্ভব সকল রকম ঝুঁকি হ্রাস করা গুরুত্বপূর্ণ।

সীসার ঝুঁকির অন্য সূত্রগুলি কী?

সীসা এমন একটি ধাতু যা বিভিন্ন উদ্দেশ্যে শত শত বছর ধরে ব্যবহৃত হচ্ছে, এবং এর ফলে তা পরিবেশেও ব্যাপকভাবে ছড়িয়ে আছে। সীসার ঝুঁকির প্রধান সূত্রগুলির মধ্যে আছে পুরনো বিল্ডিংসমূহে সীসা-ভিত্তিক পেইন্ট, এবং গ্যাসোলিন, পেইন্ট, ম্যানুফ্যাকচারিং শিল্পে সীসার ঐতিহাসিক ব্যবহারের কারণে যুগের পর যুগ ধরে মাটি এবং ধুলায় জমে থাকা সীসা। অন্যান্য দৈনন্দিন ব্যবহারযোগ্য জিনিসেও সীসা থাকতে পারে, এতে অন্তর্ভুক্ত নির্দিষ্ট ধরনের মৃতশিল্প, পিউটার (দস্তানির্মিত পাত্র), তামার ফিক্সচার, খাবার, প্লাম্বিং সরঞ্জাম এবং কসমেটিক্স। পানির সরবরাহে খুব কমই প্রাকৃতিকভাবে সীসা দেখা যায় কিন্তু পানীয় পানিতে সম্ভাব্য সীসার ঝুঁকি থাকতে পারে যদি বিল্ডিংয়ের প্লাম্বিংয়ে সীসা থাকে। রক্ত উচ্চতর-সীসার স্তরসহ অধিকাংশ শিশুদের সীসার ঝুঁকির মূল সূত্র সীসা-ভিত্তিক পেইন্ট।

খসড়া

কারা সীসার বিষক্রিয়া সংক্রান্ত ঝুঁকিতে থাকে?

তিন বছর বয়সের কম শিশুরা সর্বাধিক সীসাজনিত স্বাস্থ্যগত ঝুঁকিতে থাকে এবং ক্ষতিগ্রস্ত হতে পারে। বেড়ে ওঠা ভ্রুণের জন্যও সীসা ঝুঁকির কারণ হতে পারে। সীসার ঝুঁকি একটি শিশুর বেড়ে ওঠা এবং মানসিক উন্নতিকে বাধার সৃষ্টি করতে পারে।

নিউ ইয়র্ক সিটির শিশুদের মধ্যে লেড বা সীসাজনিত বিষক্রিয়ার হার সম্পর্কে আপনি কতটা জানেন?

নিউ ইয়র্ক সিটির শিশুদের মধ্যে লেড বা সীসার বিষক্রিয়ার হার হ্রাস পাচ্ছে। 2005 সাল থেকে, ছয় বছরের কম বয়সী শিক্ষার্থীদের মধ্যে রক্তে সীসার স্তর প্রতি ডেসিলিটারে (mcg/dL) 5 মাইক্রোগ্রাম বা তার অধিকের সংখ্যা এবং হার প্রায় 90% কমেছে, এখানে উল্লিখিত স্তরটিতে থাকলে নিউ ইয়র্ক সিটি হেলথ্ ডিপার্টমেন্ট সেটি অনুসন্ধান করে।

বাড়তি রিসোর্স

ডিপার্টমেন্ট অভ এডুকেশনের লেড সুরক্ষা সম্পর্কিত আরও তথ্যের জন্য,
schools.nyc.gov/about-us/reports/lead-based-paint সাইট দেখুন।

নিউ ইয়র্ক সিটি হেলথ্ ডিপার্টমেন্টের লেড এবং বিভিন্ন কর্মসূচি সম্পর্কে জানতে,
Nyc.gov/site/doh/health/health-topics/lead-poisoning-prevention.page সাইটে যান।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ হেলথের লেড-জনিত বিষক্রিয়া প্রতিরোধ সম্পর্কিত তথ্যের জন্য: health.ny.gov/environmental/lead/ সাইটে যান।

রক্তে সীসার পরীক্ষা এবং আপনার সন্তানের সীসার ঝুঁকি হ্রাস করার উপায় জানতে, ওয়েবসাইটে “আপনার সন্তানের রক্তে সীসার পরীক্ষা বলতে কী বোঝায়”, সেসব তথ্যের জন্য দেখুন:
health.ny.gov/publications/2526/ (10টি ভাষায় লভ্য)

খসড়া